

22909 - রোযার নিয়ত করার পদ্ধতি কি?

প্রশ্ন

একজন মানুষ কিভাবে রোযার নিয়ত করবে? কখন থেকে রোযার নিয়ত করা ফরয?

প্রিয় উত্তর

রোযা রাখার দৃঢ় সংকল্প করার মাধ্যমে রোযার নিয়ত অর্জিত হয়। রমযানের রোযার নিয়ত অবশ্যই প্রতিদিন রাত থেকে পাকাপোক্ত করতে হবে। [স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র, (১০/২৪৬)]

“কোন কোন আলেমের মতে, যে রোযাগুলো লাগাতরভাবে রাখা শর্ত সে রোযাগুলোর নিয়ত প্রথমে একবার করলেই চলবে; যদি না কোন ওজরের কারণে রোযা ভাঙ্গা হয়, যদি রোযা ভাঙ্গা হয় তাহলে আবার নতুন করে নিয়ত করবে। এ অভিমতের ভিত্তিতে কেউ যদি রমযানের প্রথম দিন রোযা রাখার নিয়ত করে যে, সে গোটা মাস রোযা রাখবে তাহলে এ নিয়তই যথেষ্ট; যদি না কোন ওজরের কারণে মাঝখানে কোন রোযা ছুটে যায়। যেমন- কেউ রমযানের মধ্যে সফরে গেল; সেক্ষেত্রে সে ব্যক্তি সফর থেকে ফেরত আসলে নিয়ত নবায়ন করে নিবে।

এটি অধিকতর শুদ্ধ অভিমত। কেননা আপনি যদি সকল মুসলিমকে জিজ্ঞেস করেন তখন তিনি আপনাকে বলবেন, আমি মাসের শুরু থেকে শেষ পর্যন্ত রোযা রাখার নিয়ত করেছি। তাই, তিনি যদি আক্ষরিক অর্থে নিয়ত নাও করেন; বিধানগতভাবে নিয়ত হাছিল হয়েছে। কেননা, মূল অবস্থা হচ্ছে, রোযা রাখার পরম্পরা বিঘ্নিত না হওয়া। এ কারণে আমরা বলেছি, যদি কোন বৈধ ওজরের কারণে রোযা রাখার পরম্পরা বিঘ্নিত হয় তাহলে আবার নতুনভাবে নিয়ত করতে হবে। এ অভিমতের ব্যাপারে অন্তর প্রশান্ত হয়।”